বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

ভর্তি বিজ্ঞপ্তি

স্নাতক (লেভেল-১ সিমেস্টার-১) শ্রেণী

শিক্ষাবর্ষঃ ২০১৫-২০১৬

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের বিভিন্ন অনুষদে স্নাতক (লেভেল-১ সিমেস্টার-১) শ্রেণীতে ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীদের নিকট থেকে অনলাইনে (online) দরখাস্ত আহবান করা যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://admission.bau.edu.bd এ ভর্তি সংক্রান্ত সকল তথ্যাদি পাওয়া যাবে।

১. আসন সংখ্যাঃ ১২০০ (এক হাজার দুই শত)

ক্রমিক নং	অনুষদের নাম	আসন সংখ্যা			মোট
		সাধারণ	মুক্তিযোদ্ধা	উপজাতীয়	
১.	ভেটেরিনারি অনুষদ	১৮০	১০	১	১৯১
২.	কৃষি অনুষদ	৩৮১	২০	১	৪০২
৩.	পশু পালন অনুষদ	১৮০	১০	১	১৯১
৪.	কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদ	১২৬	৬	১	১৩৩
৫.	কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদ				
	i. এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং	৯৪	৫	১	১০০
	ii. ফুড ইঞ্জিনিয়ারিং	৪৮	২	--	৫০
৬.	মাৎস্য বিজ্ঞান অনুষদ	১২৬	৬	১	১৩৩
	সর্বমোট =	**১১৩৫**	**৫৯**	**৬**	**১২০০**

২. ভর্তির জন্য আবেদনের ন্যূনতম যোগ্যতা

২.১ ২০১২/২০১৩ সালে এসএসসি/সমমান এবং ২০১৪/২০১৫ সালে এইচএসসি/সমমানের পরীক্ষায় বিজ্ঞান গ্রুপ থেকে পাশ করতে হবে।

২.২ এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয় বাদে সমষ্টিগতভাবে ন্যূনতম জিপিএ ৮.০ এবং আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫ পেতে হবে।

২.৩ এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় পদার্থ, রসায়ন, গণিত (এসএসসি-এর ক্ষেত্রে সাধারণ গনিত) এবং জীববিদ্যা আলাদা বিষয় হিসাবে থাকতে হবে।

২.৪ এইচএসসি/সমমানের পরীক্ষায় পদার্থ, রসায়ন, গণিত, জীববিদ্যা এবং ইংরেজি প্রতিটি বিষয়ে ন্যূনতম জিপি ৩.০ থাকতে হবে।

আবেদন করার সময়সীমাঃ ০১ থেকে ৩১ অক্টোবর ২০১৫ তারিখ পর্যন্ত।

৩. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের নিয়মাবলী

ক) ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আবেদনের ফরম কেবলমাত্র অনলাইনে পুরণ করা যাবে এবং আবেদন ফি ডাচ্ বাংলা ব্যাংক লিমিটেডের (DBBL) মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করতে হবে।

খ) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http://admission.bau.edu.bd) গিয়ে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে, যেখানে একটি মোবাইল নম্বরও প্রদান করতে হবে। সেই মোবাইল নম্বরটিতে বিভিন্ন তথ্য SMS এর মাধ্যমে প্রার্থীকে জানানো হবে বিধায় শুধু মাত্র নিজস্ব অথবা অতি নিকটতম কারো মোবাইল নম্বর প্রদান করা প্রয়োজন।

গ) আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ করা হলে তখনই প্রার্থীর জন্য একটি পিন (PIN) তৈরী হবে, যেটি তৎক্ষনাত প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে। পিন (PIN) টি গুরুত্বপূর্ণ বিধায় যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

ঘ) ডাচ্ বাংলা ব্যাংকের (DBBL) যে কোন মোবাইল ব্যাংকিং একাউন্ট বা এজেন্ট পয়েন্টের মাধ্যমে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের Biller ID 336 নং এ আবেদন ফি বাবদ ৬০০ (ছয় শত) টাকা জমা দিতে হবে। উল্লেখ্য যে Payment System এ যখন Bill Number প্রদান করতে বলবে, তখন PIN টিকেই Bill Number হিসাবে ব্যবহার করতে হবে। Payment প্রদানের আরো বিস্তারিত নিয়মাবলী Flow-chart আকারে ওয়েবসাইটে (http://admission.bau.edu.bd) পাওয়া যাবে।

ঙ) Payment সম্পন্ন হওয়ার পর যে মোবাইল হতে টাকা পাঠানো হয়েছে, সেটিতে তৎক্ষনাত একটি SMS আসবে, যার মধ্যে Transaction ID উল্লেখ থাকবে। এই Transaction ID টি ও সংরক্ষণ করতে হবে; কেননা Payment প্রদানে কোন সমস্যা হলে তা সমাধানের জন্য Transaction ID টি উল্লেখ করে admission@bau.edu.bd এ যোগাযোগ করতে হবে।

চ) কোটায় আবেদনকারীদের আবেদন ফরমে নির্ধারিত কোটা সিলেক্ট করতে হবে। কোটায় আবেদনকারী প্রার্থীদেরকে নিম্নলিখিত রেকর্ডপত্রের স্ক্যান কপি http://admission.bau.edu.bd ওয়েব সাইটে আপলোড করতে হবে। অন্যথায় তাদের আবেদন কোটায় ভর্তির জন্য বিবেচিত হবে না।

i) মুক্তিযোদ্ধা কোটায় আবদনকারীদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র।

i i) বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি ও অ-উপজাতি এবং বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম ব্যতীত অন্যান্য জেলার উপজাতি প্রার্থীদেরকে স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত মূল প্রত্যয়নপত্র।

ছ) বিদেশী ছাত্র-ছাত্রীদের গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে আবেদন করতে হবে। এ সংক্রান্ত তথ্য বাকৃবি ওয়েবসাইট (http://admission.bau.edu.bd) থেকে জনা যাবে।

যদি GPA বা নামে ভুল থাকে, তবে সংশ্লিষ্ট একাডেমিক ট্রান্সক্রিপ্টের স্ক্যান কপিসহ admission@bau.edu.bd ঠিকানায় ই-মেইল করতে হবে।

৪. অন লাইনে আবেদন করার পূর্বের প্রস্তুতি সমূহ

ক) এক কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবির সফ্ট/স্ক্যান কপি (JPG format, ফাইল সাইজ ৫০ কিলো বাইটের মধ্যে) সাথে রাখা।

খ) অনুষদ সমূহের অপশন/চয়েস প্রদানের ক্রম নির্ধারণ করে রাখা (প্রয়োজনে অভিভাবক/অভিজ্ঞ কারো সাথে আলোচনা করা)।

গ) কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে ৩ (চ) নং-এ উল্লেখিত কাগজপত্রের স্ক্যান করা কপি সাথে রাখা।

৫. প্রবেশপত্র ডাউনলোড

প্রার্থীরা **১৬ থেকে ৩০ নভেম্বর ২০১৫** তারিখ পর্যন্ত সময়ের মধ্যে http://admission.bau.edu.bd তে গিয়ে নিজ নিজ প্রবেশপত্র ডাউনলোড করতে পারবে। উল্লেখ্য যে, উক্ত সময়ের পরে প্রবেশপত্র ডাউনলোড করার সিস্টেম বন্ধ থাকবে। প্রবেশপত্র ডাউনলোড করে A4 সাইজ অফসেট পেপারে প্রিন্ট করে নিতে হবে এবং Student's Signature এর উপরে আবেদনকারীকে স্বাক্ষর করে পরীক্ষার দিন প্রবেশপত্রটি সঙ্গে নিয়ে আসতে হবে। প্রবেশপত্র ব্যতিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। প্রবেশপত্র ডাউনলোড করতে কোন অসুবিধা হলে admission@bau.edu.bd ঠিকানায় ই-মেইল এ যোগাযোগ করা যেতে পারে।

৬. লিখিত নির্বাচনী পরীক্ষা

ক) ভর্তি পরীক্ষার আসন বিন্যাস (সিট প্লান) **০২ ডিসেম্বর ২০১৫**এর মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

খ) সকল অনুষদের জন্য কেন্দ্রীয়ভাবে ১০০ নম্বরের লিখিত নির্বাচনী পরীক্ষা আগামী **০৫ ডিসেম্বর ২০১৫**তারিখ শনিবার বেলা ১১:০০ টা থেকে ১২:০০ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

গ) উচ্চ মাধ্যমিক পর্যায়ের সর্বশেষ পাঠ্যক্রম অনুসরণে পদার্থবিদ্যা, রসায়ন, গণিত ও জীববিদ্যা বিষয়ে Multiple Choice Question (MCQ) পদ্ধতিতে লিখিত ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র প্রণীত হবে।

ঘ) পৃথক নির্দিষ্ট উত্তরপত্রে প্রশ্নের উত্তর দিতে হবে, যা অপটিক্যাল মার্ক রিডার (OMR) দ্বারা মূল্যায়ন করা হবে।

ঙ) লিখিত নির্বাচনী পরীক্ষায় নেগেটিভ মার্কিং থাকবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ (শূণ্য দশমিক দুই পাঁচ) নম্বর কর্তন করা হবে।

চ) লিখিত নির্বাচনী পরীক্ষার ন্যূনতম পাশ নম্বর ৩০।

৭. মেধা স্কোর

মোট ২০০ নম্বরের ভিত্তিতে মেধা স্কোর তৈরি করা হবে। লিখিত নির্বাচনী পরীক্ষার জন্য ১০০ নম্বর এবং এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় চতুর্থ বিষয় ব্যতিত প্রাপ্ত জিপিএ-র যথাক্রমে ৮ ও ১২ গুণ অর্থাৎ এসএসসি/সমমান হতে ৪০ এবং এইচএসসি/সমমান হতে ৬০ নম্বর যোগ করে মেধা স্কোর তৈরি করা হবে।

৮. বিশেষ জ্ঞাতব্য বিষয়

ক) অসম্পূর্ণ ও ভুল তথ্য সমবলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

খ) বাকৃবি ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত প্রবেশ পত্র, ভর্তি ফরম, রেজিষ্ট্রেশন ফরম, মেডিক্যাল ফরম, এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান-এর গ্রেডশীট (অ্যাকাডেমিক ট্র্যান্সক্রিপ্ট) এর মূলকপি, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের মূলকপি এবং ২ কপি পাসপোর্ট সাইজের ফটো অবশ্যই জমা দিতে হবে।

গ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্রের মূল কপি প্রদর্শন পূর্বক সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

ঘ) বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি ও অ-উপজাতি এবং বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম ব্যতীত অন্যান্য জেলার উপজাতি প্রার্থীদেরকে স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত মূল প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

ঙ) ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীকে DBBL এর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে ফি প্রদান পূর্বক অনলাইনে প্রাপ্ত রশিদ প্রিন্ট করে এনে জমা দিতে হবে।

চ) ভর্তি সংক্রান্ত ব্যাপারে প্রার্থীকে বিশ্ববিদ্যালয় থেকে কোন প্রকার ভাতা দেয়া হবে না।

ছ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তি সংক্রান্ত যে কোন আইন/নিয়ম সংশোধন, সংযোজন বা পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে।

৯. ভর্তি সংক্রান্ত যোগাযোগ

প্রফেসর ড. মোঃ ইদ্রিস মিয়া
ডীন, মাৎস্য বিজ্ঞান অনুষদ ও আহবায়ক, ভর্তি পরীক্ষা কমিটি-২০১৬
ফোন নম্বরঃ ০৯১-৬৭৪২৬, ০৯১-৬৭৪০১ থেকে ০৬ এক্সটেনশন ২৯০০।
ভর্তি তথ্য সেলঃ ০৯১-৬৭৪০১ থেকে ০৬ এক্সটেনশন ২১১০, ২১২৪ ও ২১৩০।
Help Line: মোবাইল ০১৭৯৯ ৪৯৮০০০, ০১৭৯৯ ৪৯৮০০১।
E-mail: admission@bau.edu.bd

ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তারিখ

ক্রমিক নং	বিষয়	তারিখ ও সময়
১.	পত্রিকা ও ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ	২০ সেপ্টেম্বর ২০১৫
২.	আবেদন গ্রহণ	০১ থেকে ৩১ অক্টোবর ২০১৫
৩.	প্রবেশপত্র ডাউনলোড	১৬ থেকে ৩০ নভেম্বর ২০১৫
৪.	ওয়েবসাইটে আসন বিন্যাস প্রকাশ	০২ ডিসেম্বর ২০১৫
৫.	ভর্তি পরীক্ষা	০৫ ডিসেম্বর ২০১৫ সকাল ১১:০০ টা থেকে ১২:০০ টা
৬.	অনুষদ ভিত্তিক ফলাফল প্রকাশ	০৮ ডিসেম্বর ২০১৫ তারিখের মধ্যে
৭.	মেধা তালিকা থেকে নির্বাচিত প্রার্থীদের DBBL মোবাইল ব্যাংকের মাধ্যমে ভর্তি ও আনুষাঙ্গিক ফি প্রদান	০৯ থেকে ১৫ ডিসেম্বর ২০১৫
৮.	মেধা তালিকাভূক্ত ফি প্রদানকৃত প্রার্থীদের সশরীরে উপস্থিত হয়ে ভর্তির কাজ সম্পন্ন করা	১৭ ডিসেম্বর ২০১৫ সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টা
৯.	শূন্য আসনের (যদি থাকে) তালিকা প্রকাশ	২০ ডিসেম্বর ২০১৫
১০.	অপেক্ষমান তালিকাভূক্ত প্রার্থীদের সশরীরে উপস্থিত হয়ে রিপোর্ট প্রদান	২২ ডিসেম্বর ২০১৫ সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪:০০ টা
১১.	অপেক্ষমান তালিকা থেকে মেধাভিত্তিতে ফলাফল প্রকাশ	২২ ডিসেম্বর ২০১৫ রাত ১০:০০ টার মধ্যে
১২.	অপেক্ষমান তালিকা থেকে নির্বাচিত প্রার্থীদের সশরীরে উপস্থিত হয়ে DBBL মোবাইল ব্যাংকের মাধ্যমে ভর্তি ও আনুষাঙ্গিক ফি প্রদান করতঃ ভর্তির কাজ সম্পন্ন করা	২৩ ডিসেম্বর ২০১৫ সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০
১৩.	কেন্দ্রীয় ওরিয়েন্টেশন	০৩ জানুয়ারি ২০১৬ সকাল ১০:৩০ মিনিটি
১৪.	হল ভিত্তিক ওরিয়েন্টেশন	০৩ জানুয়ারি ২০১৬ সন্ধ্যা ০৭:০০ টা
১৫.	অনুষদ ভিত্তিক ওরিয়েন্টেশন	অনুষদীয় ডীন মহোদয়গণ তারিখ ও সময় নির্ধারণ করবেন
১৬.	ক্লাশ শুরু	০৪ জানুয়ারি ২০১৬

স্বাঃ/-

রেজিস্ট্রার